


**Presentation on Steering Committee Meeting
On
“Preparation of Development
Plan for Fourteen Upazilas”
Project
(Package 1- Outputs &
Administrative Processes)**



Government of the People's Republic of Bangladesh
Ministry of Housing and Public Works
Urban Development Directorate

MOBILIZATION REPORT

Preparation of Development Plan for Fourteen Upazila Project
Package-1: Nawabganj, Dohar & Shibchar Upazila



Mobilization Report Meeting Minutes

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা।
www.udd.gov.bd
ই-মেইল : director.udd1965@gmail.com
ফ্যাক্স : ৯৫৫ ৭৮৬৮

বিষয় : “Preparation of Development Plan for Fourteen Upazilas” প্রকল্পের প্যাকেজ-১ (দোহার উপজেলা ও নবাবগঞ্জ উপজেলা, জেলা- ঢাকা; শিবচর উপজেলা, জেলা- মাদারীপুর) এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Mobilization Report এর Technical Management Committee (TMC) কমিটির ১৫-০৬-২০১৫ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : খন্দকার ফওজী মুহাম্মদ বিন ফরিদ, পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর।
স্থান : সম্মেলন কক্ষ, নগর উন্নয়ন অধিদপ্তর।
তারিখ : ১৫/০৬/২০১৫ খ্রিঃ
সময় : সকাল ১১:০০ ঘটিকা।

উপস্থিত TMC সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” সদয় দ্রষ্টব্য।

২। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি মহোদয় সকলকে নিজ নিজ পরিচয় প্রদানের অনুরোধ জানান। পরিচয় পর্ব সম্পন্ন হওয়ার পর তিনি Mobilization Report সম্পর্কে সম্যক ধারণা উপস্থাপন করার জন্য প্যাকেজ ০১ এর টিম লিডার জনাব ড. আখতার হোসেন চৌধুরীকে আহ্বান জানান।

৩। প্যাকেজ নং-১ এর পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার জনাব ড. আখতার হোসেন চৌধুরী প্রকল্পের Mobilization Report টি Power Point এর মাধ্যমে উপস্থাপন করেন। তিনি তাঁর উপস্থাপনার প্রথমেই চুক্তি স্বাক্ষর, প্রকল্পের উদ্দেশ্য, প্রকল্প এলাকা, পরামর্শক প্রতিষ্ঠান সম্পর্কে সকলকে অবহিত করেন। পরবর্তীতে তিনি দোহার, নবাবগঞ্জ, শিবচর উপজেলার পরিচিতি, জনসংখ্যা, উল্লেখযোগ্য স্থান, শিক্ষার হার, এলাকা পরিচিতি, সড়ক ও যোগাযোগ ব্যবস্থা, বর্তমান সমস্যা ও সম্ভাবনা এবং পরামর্শক প্রতিষ্ঠানের Resource Mobilization সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

৪। সভার এ পর্যায়ে সভাপতি মহোদয় টিম লিডার কে ধন্যবাদ জানান এবং উপস্থিত TMC সদস্যদের উপস্থাপনা ও Mobilization Report এর উপর মুক্ত আলোচনার আহ্বান জানান। আলোচনার প্রথমেই WARPO এর প্রতিনিধি মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ সাইফুল হোসেন বলেন যে, মূলত সম্পূর্ণ Mobilization Report টি Secondary Data এর উপর ভিত্তি করে করা হয়েছে। এখানে প্রকল্প এলাকার কিছু ফটোগ্রাফ ছাড়া আর মৌলিক কিছু দেখা যাচ্ছে না। এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক জনাব শাহীন আহম্মেদ বলেন যে, আসলে Mobilization পর্যায়ে মূলত প্রারম্ভিক কিছু তথ্য সংগ্রহ করা হয়ে থাকে এবং একই সাথে প্রকল্প এলাকা সম্পর্কে প্রাথমিক ধারণা নেয়া হয়ে থাকে। তিনি আরো বলেন যে, পরবর্তীতে Inception Stage এ আরো ব্যাপক এবং বিস্তারিত তথ্য উপস্থাপন করা হবে। WARPO এর প্রতিনিধি মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ সাইফুল হোসেন আরো বলেন যে, প্রকল্প এলাকা ভৌগোলিক, প্রশাসনিক এবং অর্থনৈতিক দিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ অবস্থানে আছে। তিনি এ এলাকাসমূহের পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে বলেন যাতে তা ঢাকা শহরের স্যাটেলাইট শহর হিসেবে গড়ে উঠতে পারে। এ প্রসঙ্গে পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার বলেন যে, বিষয়টি বিবেচনা করা হবে।

৫। দোহার পৌরসভার প্রতিনিধি শহর পরিকল্পনাবিদ জনাব মোঃ আতিকুল খালিদ উল্লেখ করেন যে, রিপোর্টে কিছু তথ্যগত অসামঞ্জস্য রয়েছে যেমনঃ আধা-পাকা রাস্তার পরিমাণ, Latitude Longitude, আবাসযোগ্য জমির পরিমাণ উত্থাদি। তিনি এ সকল তথ্য সঠিকভাবে উপস্থাপন করার আহ্বান জানান। এ প্রসঙ্গে পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার জনাব ড. আখতার হোসেন চৌধুরী বলেন যে, এ সকল তথ্য পুনরায় যাচাই বাছাই পূর্বক সংশোধন করা হবে। দোহার পৌরসভার প্রতিনিধি আরো বলেন যে, দোহার পৌরসভা এলাকার জন্য UTIDP প্রকল্পের আওতায় মাস্টার প্ল্যান প্রণয়ন করা হচ্ছে। তিনি পরামর্শক প্রতিষ্ঠানকে এলজিইডির কাছ থেকে পৌর এলাকার GIS Database সংগ্রহ করার পরামর্শ দেন যদি তা গ্রহণযোগ্য হয়। তিনি বলেন যে, মূলতঃ পৌর এলাকাকেই শহর এলাকা হিসেবে বিবেচনা করা হয়। তিনি জানতে চান যে, এ প্রকল্পের আওতায় কতটুকু এলাকা শহর বলে বিবেচিত হবে? এ প্রসঙ্গে পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার বলেন যে, এ সংক্রান্ত তথ্য প্রকল্প পরিচালকের সাথে আলোচনা সাপেক্ষে নির্ধারন করা হবে।

৬। শিবচর উপজেলার প্রতিনিধি উপজেলা প্রকৌশলী জনাব রনজিত দে প্রথমেই পরামর্শক প্রতিষ্ঠানকে সুন্দর উপস্থাপনার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন যে, কিছু তথ্যগত সংশোধন করা প্রয়োজন। এ প্রসঙ্গে পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার জনাব ড. আখতার হোসেন চৌধুরী বলেন যে, এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। ঢাকা জেলার প্রতিনিধি সহকারী কমিশনার জনাব অমিত দেব নাথ বলেন যে, প্রকল্প এলাকার অবস্থান ঢাকা শহরের খুব কাছেই এবং একই সাথে তা কেরানীগঞ্জ শহরেরও খুব কাছে। তিনি জানতে চান যে, এ প্রকল্পে কেরানীগঞ্জকে বিবেচনা করা হচ্ছে কিনা। এ প্রসঙ্গে পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার বলেন যে, কেরানীগঞ্জ রাজউকের আওতাধীন বলে তা বিবেচনা করা হচ্ছে না। ঢাকা জেলার প্রতিনিধি সহকারী কমিশনার জনাব অমিত দেব নাথ আরো বলেন যে, যেহেতু এ এলাকা ঢাকা শহরের খুব কাছে এবং যোগাযোগ ব্যবস্থা আরো উন্নত করার পরিকল্পনা নেয়া সরকার। এ প্রসঙ্গে পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার বলেন যে, পরিকল্পনা প্রনয়নের সময় Transport Sector এ বিষয়টি বিবেচনা করা হবে।

৮। নবাবগঞ্জ উপজেলার প্রতিনিধি উপজেলা সহকারী প্রকৌশলী জনাব তরুন কুমার বৈদ্য প্রথমেই সুন্দর উপস্থাপনার জন্য পরামর্শক প্রতিষ্ঠানকে ধন্যবাদ জানান। তিনি বলেন যে, নবাবগঞ্জ একটি সুন্দর উপজেলা। তিনি উপজেলার সার্বিক অবস্থা বিবেচনা করে জনগণের অংশগ্রহণমূলক বাস্তবসম্মত পরিকল্পনা প্রনয়নের আহ্বান জানান।

৯। শিবচর পৌরসভার প্রতিনিধি সহকারী প্রকৌশলী জনাব এম. এম. মামুদুর রশীদ প্রথমেই পরামর্শক প্রতিষ্ঠানকে ধন্যবাদ জানান। তিনি জানতে চান যে, এ পরিকল্পনাটির Urban Area Plan টি কত সময়ের জন্য করা হবে। তিনি এ প্রসঙ্গে উল্লেখ করেন যে, UTIDP প্রকল্পের আওতায় প্রণীত মাস্টার প্র্যানটি ২০ বছর মেয়াদী করা হচ্ছে। এ প্রসঙ্গে পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার জনাব ড. আখতার হোসেন চৌধুরী বলেন যে, Urban Area Plan টি ১০ বছর মেয়াদী হবে তবে পরবর্তীতে আরো ১০ বছর মেয়াদী পরিকল্পনা প্রনয়ণ সম্ভব এবং এ ক্ষেত্রে ৩-৫ বৎসর অন্তর Reviewing এর সুযোগ রয়েছে। এ প্রসঙ্গে দোহার পৌরসভা প্রতিনিধি শহর পরিকল্পনাবিদ জনাব মোঃ আতিকুল খালিদ উল্লেখ করেন যে, মূলত এ মহাপরিকল্পনার মাধ্যমে ২০ বছর মেয়াদী পরিকল্পনা, ১০ বছর মেয়াদী পরিকল্পনা এবং ৫ বছর মেয়াদী পরিকল্পনা প্রনয়ন করা হবে। সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

১০। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের প্রতিনিধি সহকারী প্রকৌশলী জনাব মোঃ সামছুল আলম মজুমদার উল্লেখ করেন যে, প্রকল্পের তিনটি উপজেলা অতীত গুরুত্বপূর্ণ এলাকা। এ প্রকল্প এলাকা পদ্মা নদীর তীরবর্তী হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক অত্যন্ত গুরুত্বপূর্ণ যা পদ্মা সেতুর সাথে সম্পর্কযুক্ত হবে। তিনি এ বিষয়টি বিবেচনায় রেখে পরিকল্পনা প্রনয়নের আহ্বান জানান।

১১। এল.জি.ই.ডি এর প্রতিনিধি সহকারী প্রকৌশলী জনাব সোহানা পারভীন সভায় উল্লেখ করেন যে, রিপোর্টে কিছু বানানগত ভুলত্রুটি রয়েছে। তিনি তা সংশোধনের আহ্বান জানান পরবর্তীতে আরো যত্ন এবং সময় নিয়ে কাজ করার পরামর্শ দেন।

১০। বাংলাদেশ রেলওয়ে এর প্রতিনিধি উপ-পরিচালক (জু-সম্পত্তি) জনাব মোঃ তানভিরুল ইসলাম বলেন যে, কিছু Grammatical এবং Spelling mistake আছে যা সংশোধন করা প্রয়োজন। তিনি উল্লেখ করেন যে, প্রকল্প এলাকায় বাংলাদেশ রেলওয়ের একটি প্রকল্প আছে যা এখন প্রারম্ভিক পর্যায়ে আছে কিন্তু কিছুদিনের মধ্যেই পুরোদমে শুরু হয়ে যাবে। তিনি রেল সংক্রান্ত তথ্যসমূহ সংযোজন করার আহ্বান জানান। এ প্রসঙ্গে পরামর্শক প্রতিষ্ঠানের টিম-লিডার বলেন, এ সকল তথ্য সংযোজন করা হবে।

১১। সভায় এ পর্যায়ে প্রকল্প পরিচালক প্যাকেজ-১ এর উত্থাপিত Mobilization Report সম্পর্কে সংক্ষিপ্ত আলোকপাত করেন এবং উপস্থাপিত Mobilization Report টি গ্রহণ করার বিষয়ে TMC প্রতিনিধিদের মতামত জানতে চান। এ প্রসঙ্গে উপস্থিত TMC সদস্যগণ সভায় উত্থাপিত মতামত সংযোজন ও সংশোধন করা সাপেক্ষে Mobilization Report টি গ্রহণ করার পক্ষে সম্মতি প্রদান করেন। সভাপতি মহোদয় বলেন যে, Mobilization Report এ TMC প্রতিনিধিদের মতামত সংযোজনের বিষয়টি প্রকল্প পরিচালক নিশ্চিত করবেন।

১৫। এ পর্যায়ে প্রকল্প পরিচালক প্রকল্প কাজের স্বার্থে TMC তে প্রকল্প ব্যবস্থাপক-১ কে অর্ন্তভুক্ত করার জন্য প্রস্তাব পেশ করেন। উপস্থিত সকল TMC প্রতিনিধিগণ প্রকল্প ব্যবস্থাপক-১ কে TMC এর সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য সম্মতি প্রদান করেন।

১৭। এ পর্যায়ে সভাপতি মহোদয় কাজের ক্ষেত্রে সকল TMC সদস্যের সহযোগিতা কামনা করেন এবং আশাবাদ ব্যক্ত করেন যে, এ প্রকল্পের মাধ্যমে মান সম্পন্ন কাজ সম্পন্ন করা সম্ভব হবে যাতে অত্র এলাকার জনগণ সুফল পেতে পারে এবং অত্র অধিদপ্তরের সুনাম বৃদ্ধি পায়। তিনি সকলকে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান।

উপরোক্ত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয় যা নিম্নরূপঃ

- (ক) পরামর্শক প্রতিষ্ঠান সংশোধিত Mobilization Report প্রকল্প পরিচালকের দপ্তরে জমা দিবেন।
(খ) আলোচনায় সুপারিশকৃত সংশোধনী প্রযোজ্য ক্ষেত্রে Mobilization Report এ অন্তর্ভুক্তকরণ পূর্বক রিপোর্টটি অনুমোদন করা হল। প্রকল্প পরিচালক সংশোধনীর বিষয়টি নিশ্চিত করবেন।
(গ) প্রকল্প ব্যবস্থাপক-১, ফৌজিয়া শারমিন তিবি কে অত্র প্যাকেজের TMC কমিটিতে Co-opt করা হল।

সভার আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(খন্দকার ফাউজী মুহাম্মদ বিন ফরিদ)
পরিচালক

সভাপতি, TMC কমিটি
“প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্র্যান ফর
ফোরটিন উপজেলাস” প্রকল্প
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।


১৬/০৬/১৫

fauzia

Mobilization Report Meeting Attendance

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নগর উন্নয়ন অধিদপ্তর

৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

www.udd.gov.bd

ই-মেইলঃ director.udd1965@gmail.com

ফ্যাক্সঃ ৯৫৫৭৮৬৮

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস” প্রকল্পের প্যাকেজ নং- ০১ (নবাবগঞ্জ উপজেলা, দোহার উপজেলা, জেলা- ঢাকা; শিবচর উপজেলা, জেলা- মানসিংগর) এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Mobilization Report এর উপর ১৫-০৬-২০১৫ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় নগর উন্নয়ন অধিদপ্তর, ৮২, সেগুনবাগিচা, ঢাকাস্থ সম্মেলন কক্ষে Technical Management Committee (TMC) এর সভায় উপস্থিত পরামর্শক গণের তালিকাঃ

| ক্র. নং | নাম ও পদবী | বর্তমান ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---------|---|--|--------------|--------------------------|---------------------|
| ১. | Munirul Haque Managing Director | Desh Upadesh Ltd. B/C, Block D, Asad Av. Mirpur, Dhaka | 01711521416 | munirulh@gmail.com | Munir 15.06.2015 |
| ২. | Md. Moniruzzaman Managing Director | TechSur Ltd. | 01675686285 | monir1997@yahoo.com | Monir 15/6/15 |
| ৩. | Dr. Akher Rahman Chairman Team Leader | House-1, Lane-1 Ward-2, Badda | 01712556024 | akher_chandany@yahoo.com | akherchandany |
| ৪. | Md. Mohirul Islam Mohir Urban Planner | H-151/Ka Pisciculture Housing Shyamoli, Dhaka | 01713-258571 | mohir-buet@yahoo.com | Mohir |
| ৫. | MD. NURUL ISLAM FAISAL Director | AAIMA | 01937997917 | | gjbarn |
| ৬. | ABDULLAH AL NYEM Junior Planner | Desh Upadesh Ltd. | 01819512254 | apon220@gmail.com | Nyem |
| ৭. | Jobair Ahmed Jabin | AIBL | 01812889507 | | Jobair |
| ৮. | Hamida khatun | TECH DUL | 01818090975 | hk-por@yahoo.com | Hamida khatun |

| ক্র. নং | নাম ও পদবী | বর্তমান ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---------|---|--------------------|--------------|----------------------|----------|
| ০৯. | শোহান সার্বজনীন সেতুকারী প্রকল্প | LGED | ০১১৭০৭৫১৭৪৩ | shohansrc@yapo.com | 15.06.15 |
| ১০. | শ্রীমতী সার্বজনীন (সার্বজনীন) | WARFO | ০১৭১৫৫২৪৭২ | xenttwice@gmail.com | 15/6/15 |
| ১১. | শ্রীমতী সার্বজনীন (সার্বজনীন) | Bangladesh Railway | ০১৭১৬৭২৭৫০ | | 15.06.15 |
| ১২. | শ্রী: শফিকুর রহমান উপ-পরিচালক (উপ-পরিচালক) | SOB | ০১৭১২২৭৫৪৭ | shofir_sob@yahoo.com | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

INCEPTION REPORT

Preparation of Development Plan for Fourteen Upazila
Package 01: Dohar, Nawabganj and Shibchar Upazila



November 2015



Desh Upodesh Ltd.
in association with

AAIMA International BD Ltd. and Technical Support Services Ltd.

Inception Report Meeting Minutes

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা।
www.udl.gov.bd
ই-মেইল : director.udl1965@gmail.com
ফোন : ৯৬৪৭৬৭৬

বিষয় : “Preparation of Development Plan for Fourteen Upazilas” প্রকল্পের প্যাকেজ-১ (দোহার উপজেলা ও নবাবগঞ্জ উপজেলা, জেলা-ঢাকা এবং শিবচর উপজেলা, জেলা- মাদারীপুর) এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Inception Report এর Technical Management Committee (TMC) এর ১২-১১-২০১৫ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : বন্দকার ফওজী মুহাম্মদ বিন ফরিদ, পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর।
স্থান : সম্মেলন কক্ষ, নগর উন্নয়ন অধিদপ্তর।
তারিখ : ১২/১১/২০১৫ খ্রিঃ
সময় : সকাল ১০:০০ ঘটিকা।

উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” সদয় দ্রষ্টব্য।

অনুষ্ঠানের শুরুতে সভাপতির অনুমতিক্রমে সভার কাজ শুরু করা হয়।

২। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি মহোদয় সকলকে নিজ নিজ পরিচয় প্রদানের অনুরোধ জানান। পরিচয় পূর্ব সম্পন্ন হওয়ার পর তিনি Inception Report সম্পর্কে সম্যক ধারণা উপস্থাপন করার জন্য প্যাকেজ-০১ এর টীম লিডার জনাব ড. আখতার হোসেন চৌধুরীকে আহবান জানান।

৩। প্যাকেজ-০১ এর পরামর্শক প্রতিষ্ঠান Desh Upodesh Ltd. In Association with AAIMA International BD. Ltd. And Technical Support Services Ltd. এর টীম লিডার জনাব ড. আখতার হোসেন চৌধুরী প্রকল্পের Inception Report টি Power Point এর মাধ্যমে উপস্থাপন করেন। প্রথমেই তিনি উল্লেখ করেন যে, কাজের ব্যাপকতা এবং সংশ্লিষ্ট রিপোর্টে সকল বিশেষজ্ঞগণের প্রয়োজনীয়তা সাপেক্ষে Presentation টিকে কয়েকটি ভাগে ভাগ করা হয়েছে এবং সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণ নিজ নিজ অংশটুকু উপস্থাপন করবেন। টীম লিডার মহোদয় তার উপস্থাপনায় প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি, কাজের অগ্রগতি, কাজের পরিধি, কি কি কাজ প্রকল্পের আওতায় করা হবে সে সম্পর্কে সম্যক ধারণা দেন। এ পর্যায়ে তিনি প্রকল্পের Transport and Traffic Survey সম্পর্কে ধারণা দেয়ার জন্য প্রকল্পের Transport Planner জনাব গোলাম মোস্তফা পাটোয়ারীকে আহবান জানান।

৪। প্রকল্পের Transport Planner জনাব গোলাম মোস্তফা পাটোয়ারী প্রথমেই Transport Survey কি, কিভাবে করা হয়, এ প্রকল্পের কর্মসূচি ও এর মাধ্যমে কি ধরনের তথ্য উপাত্ত সংগ্রহ করা হবে সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এ পর্যায়ে প্রকল্পের টীম লিডার প্রকল্পের Survey Expert জনাব মোঃ সাইফুল ইসলামকে Physical Surveys Including Image Processing and Mapping সম্পর্কে আলোচনা করার আহবান জানান।

৫। প্রকল্পের Survey Expert জনাব মোঃ সাইফুল ইসলাম তার উপস্থাপনায় Image Processing এর বিভিন্ন দিক সম্পর্কে আলোকপাত করেন এবং এর মাধ্যমে কিভাবে সুস্পষ্টভাবে কাজ সম্পন্ন করা যাবে, কাজের মান কি রকম হবে সেটিও তিনি তার উপস্থাপনায় তুলে ধরেন। তিনি তার উপস্থাপনায় Mouza Map Processing, Bench Mark Pillar এর প্রয়োজনীয়তা, Physical Feature Survey, Landuse Survey এবং Topographic Survey সম্পর্কেও আলোকপাত করেন। এ পর্যায়ে টীম লিডার Approach, Methodology and Work Plan for Geological and Geophysical Investigation সম্পর্কে আলোকপাত করার জন্য প্রকল্পের জিওলজিস্ট জনাব এস.এম. মোরশেদুল হাসিনকে আহবান করেন।

৬। প্রকল্পের জিওলজিস্ট জনাব এস.এম. মোরশেদুল হাসিন তার উপস্থাপনায় প্রকল্পের Technical Approach and Methodology সম্পর্কে আলোচনা করেন। তিনি বিস্তারিতভাবে আলোচনা করেন যে, Geological Part এ কি ধরনের কাজ সম্পন্ন করা হবে, কি ধরনের তথ্য উপাত্ত সংগ্রহ করা হবে এবং তা কিভাবে উপস্থাপন করা হবে। এ পর্যায়ে টীম লিডার প্রকল্পের Social Expert জনাব কে.এম. মোশাররফ হোসেইনকে Household Socio-economic Sample Survey এবং PRA সম্পর্কে আলোকপাত করার আহবান জানান।

৭। প্রকল্পের Social Expert জনাব কে.এম. মোশাররফ হোসেইন তার উপস্থাপনার প্রথমেই আর্থ-সামাজিক জরিপের ধরণ, প্রয়োজনীয়তা, পদ্ধতি, স্যাম্পল নির্ধারণের পদ্ধতি, স্যাম্পলের পরিমাণ, PRA এর প্রয়োজনীয়তা, PRA এর পদ্ধতি সম্পর্কে আলোচনা করেন। তিনি বর্ণনা করেন যে, আর্থ-সামাজিক জরিপ এবং PRA এর মাধ্যমে কি ধরনের তথ্য সংগ্রহ করা হবে এবং তা কিভাবে পরিকল্পনা প্রণয়নে সহায়ক হবে।

Inception Report Meeting Minutes Cont.

৮। এ পর্যায়ে টীম লিডার অন্যান্য সার্ভে এবং স্টাডিজ সম্পর্কে আলোকপাত করেন। তিনি প্রতিটি সার্ভে এবং স্টাডিজ কি কি বিষয় দেখা হবে এবং এর মাধ্যমে কি তথ্য সংগ্রহ করা হবে এবং সকল তথ্যসমূহ কাজে লাগিয়ে কিভাবে পীচ-স্তর বিশিষ্ট ডেডেলপমেন্ট প্র্যান (সাব-রিজিওনাল প্র্যান, স্ট্রাকচারাল প্র্যান, আরবান এরিয়া প্র্যান, রুরাল এরিয়া প্র্যান ও এ্যাকশন এরিয়া প্র্যান) প্রণয়ন করা হবে তা বিশদভাবে ব্যাখ্যা করেন।

৯। সভার এ পর্যায়ে সভাপতি মহোদয় টীম লিডার কে ধনবাদ জানান এবং উপস্থিত সকল TMC সদস্যদের উপস্থাপনা ও Inception Report এর উপর মুক্ত আলোচনার আহবান জানান।

১০। আলোচনার প্রথমই বাংলাদেশ জরিপ অধিদপ্তরের উপ-পরিচালক (জরিপ) জনাব মোঃ শফিকুর রহমান সুন্দর উপস্থাপনার জন্য পরামর্শকগণকে ধন্যবাদ জানান। তিনি কিছু তথ্য ও বানানগত ত্রুটির কথা এবং List of Abbreviation এ কিছু সংশোধনী প্রস্তাব করেন এবং একইসাথে পরামর্শকগণকে সার্ভে অব বাংলাদেশ কর্তৃক ব্যবহৃত Legend সমূহ ব্যবহার করার পরামর্শ দান করেন। এ প্রসঙ্গে পরামর্শক প্রতিষ্ঠান একমত পোষণ করেন।

১১। এলজিইডি এর প্রতিনিধি সহকারী প্রকৌশলী, সোহানা পারভীন Table of Content এর সাথে রিপোর্টের কিছু তথ্যগত অসামঞ্জস্যতার কথা তুলে ধরেন। এ ছাড়া তিনি কিছু তথ্যগত টেবিল এবং রিপোর্টেও লিখার অসামঞ্জস্যতা পুনরায় সংশোধন ও যাচাই করার পরামর্শ দেন। এ প্রসঙ্গে প্রকল্পের টীম লিডার বলেন, বিভিন্ন Secondary Source এর তথ্য (যেমনঃ Demography, Road) বিভিন্ন রকম হওয়ার কারণে এ সমস্যা উদ্ভূত হয়। তিনি এ সকল ক্ষেত্রে Source উল্লেখ করে দেবেন বলে জানান।

১২। দোহার পৌরসভা প্রতিনিধি শহর পরিকল্পনাবিদ জনাব মোঃ আতিকুল খালিদ প্রথমেই উল্লেখ করেন যে, পরিকল্পনার ক্ষেত্রে অবশ্যই ন্যূনতম রাস্তার (২০ ফুট) প্রশস্ততা বজায় রাখতে হবে। এ প্রসঙ্গে প্রকল্পের প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের পরিকল্পনায় অবশ্যই ন্যূনতম পরিমাপ বজায় রাখা হবে। দোহার পৌরসভা প্রতিনিধি আরো জানতে চান যে, Satellite Image এর মাধ্যমে কতটুকু Accurate Data পাওয়া যাবে? এ প্রসঙ্গে প্রকল্পের সার্ভে এক্সপার্ট জনাব মোঃ সাইফুল ইসলাম বলেন যে, 0.5 m স্যাটেলাইট ইমেজ থেকে শহর এলাকার জন্য অনেক পরিষ্কার Image পাওয়া যাবে যা থেকে Physical Feature Extract করা যাবে। কিন্তু Image এর যে অংশ বোঝা যাবে না অর্থাৎ Vegetation Cover এর নিচে থাকবে সেগুলো Total Station এর মাধ্যমে Physical Feature Survey এবং Landuse Survey করে তথ্য নেয়া হবে যাতে mm পর্যন্ত Accuracy থাকবে। জনাব মোঃ আতিকুল খালিদ জানতে চান যে, এই পরিকল্পনায় বাজার এলাকার জন্য আলাদা গুরুত্ব থাকবে কিনা? এ প্রসঙ্গে টীম লিডার বলেন Core Area'র জন্য আলাদা পরিকল্পনা করা হবে। দোহার পৌরসভা প্রতিনিধি আরো জানতে চান যে, পরিকল্পনা বাস্তবায়ন কিভাবে হবে এবং উপজেলা পর্যায়ে এ পরিকল্পনার Custodian কে হবে? এ প্রসঙ্গে সভার সভাপতি মহোদয় বলেন যে, বর্তমানে নগর উন্নয়ন অধিদপ্তর প্রণীত নগর ও অঞ্চল পরিকল্পনা আইনের কাজ শেষ পর্যায়ের এবং এই আইনের মাধ্যমে এ বিষয়গুলো দেখা হবে।

১৩। শিবচর উপজেলা প্রতিনিধি উপজেলা প্রকৌশলী জনাব রনজিত দে প্রথমেই উল্লেখ করেন যে, বর্তমানে সরকারি প্রজ্ঞাপন অনুযায়ী গ্রামের রাস্তার Carriage Way হবে ৩ মিটার এবং দুই পাশে ৩ ফুট করে ৬ ফুট Shoulder এর জন্য জায়গা রাখতে হয়। এছাড়া তিনি রিপোর্টে শিবচরের ফায়ার টেশন এবং ইউনিয়নের সংখ্যা (১৯ টি) ইত্যাদি তথ্য সংশোধনের পরামর্শ দেন।

১৪। নবাবগঞ্জ উপজেলা প্রতিনিধি উপজেলা সহকারী প্রকৌশলী জনাব মোঃ হারুনুর রশীদ জুইয়া উদ্বেগ প্রকাশ করেন যে, এত ব্যাপক কাজ সঠিকভাবে করা যাবে কিনা। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, পরামর্শক প্রতিষ্ঠান সঠিকভাবে কাজ করলে সকল কাজ যথাসময়ে সম্পন্ন করা যেতে পারে। এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক বলেন যে, প্রতিটি ইউনিয়ন এবং ওয়ার্ড পর্যায়ে কাজ করা হবে এবং এক্ষেত্রে প্রকল্প এলাকার TMC প্রতিনিধিদের সহায়তা প্রয়োজন। তিনি সুবিধা মতো TMC সদস্যগণকে প্রকল্প এলাকায় বিভিন্ন সভায় উপস্থিত থাকার আহবান জানান।

১৫। দোহার উপজেলা প্রতিনিধি উপজেলা প্রকৌশলী জনাব সুশীল চন্দ্র সরকার দোহার উপজেলার আয়তন, ধর্মীয় তথ্যাদি ইত্যাদি কিছু তথ্যগত সংশোধনী প্রস্তাব করেন। এ প্রসঙ্গে প্রকল্পের টীম লিডার বলেন যে, এ সকল তথ্যগত ত্রুটি সংশোধন করা হবে।

১৬। ওয়ার্ডার রিসোর্সেস প্র্যানিং অর্গানাইজেশন (ওয়ারপো) এর প্রতিনিধি মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ আমিনুল হক প্রথমেই উল্লেখ করেন যে, Executive Summary তে Organization of Report অংশটি বাদ দেওয়া যেতে পারে। তিনি আরো অন্যান্য কিছু আইনি ও নীতি (যেমনঃ সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, SDGs, SEA, National Water Management Policy and Plan ইত্যাদি সম্পর্কিত) যা এক্ষেত্রে খুবই জরুরী তা স্টাডি করার আহবান জানান। তিনি পরামর্শক প্রতিষ্ঠানকে ওয়ারপো এর ওয়েবসাইটের National Water Resource Database এ সংরক্ষিত তথ্যাদি ব্যবহার করার পরামর্শ প্রদান করেন।

১৭। শিবচর পৌরসভা প্রতিনিধি জনাব এম.এম. মামুনুর রশীদ প্রাণবন্ত উপস্থাপনার জন্য ধন্যবাদ জানান। তিনি উল্লেখ করেন যে, এখানে ড্রেনেজ সম্পর্কিত কি কাজ করা হবে তা সঠিকভাবে উপস্থাপিত হয় নাই। তিনি Treatment Plant, Drainage Outfall কোথায় হবে ইত্যাদি সম্পর্কে দিক নির্দেশনা চান। এ প্রসঙ্গে প্রকল্পের টীম লিডার বলেন যে, প্রকল্পের Hydrological Study তে এ সম্পর্কে বিস্তারিত কাজ করা হবে।

Inception Report Meeting Minutes Cont.

১৮। সভার এ পর্যায়ে প্রকল্প পরিচালক প্যাকেজ-১ এর উত্থাপিত Inception Report সম্পর্কে সংক্ষিপ্ত আলোকপাত করেন এবং উত্থাপিত Inception Report টি গ্রহণ করার বিষয়ে TMC প্রতিনিধিদের মতামত জানতে চান। এ প্রসঙ্গে উপস্থিত TMC সদস্যগণ সভায় উত্থাপিত মতামত সংযোজন ও সংশোধন করা সাপেক্ষে Inception Report টি গ্রহণ করার পক্ষে সম্মতি প্রদান করেন। সভাপতি মহোদয় বলেন যে, Inception Report এ TMC প্রতিনিধিদের মতামত সংযোজনের বিষয়টি প্রকল্প পরিচালক নিশ্চিত করবেন।

১৯। এ পর্যায়ে সভাপতি মহোদয় কাজের ক্ষেত্রে সকল TMC সদস্যের সহযোগিতা কামনা করেন এবং আশাবাদ ব্যক্ত করেন যে, এ প্রকল্পের প্রস্তাবিত Work Programme এর মাধ্যমে মান সম্পন্ন কাজ সম্পন্ন করা সম্ভব হবে যাতে অত্র এলাকার জনগণ সুফল পেতে পারে এবং অত্র অধিদপ্তরের সুনাম বৃদ্ধি পায়। তিনি সকলকে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান।

উপরোক্ত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয় যা নিম্নরূপঃ

- ১। পরামর্শক প্রতিষ্ঠান সংশোধিত Inception Report প্রকল্প পরিচালকের দপ্তরে জমা দিবেন।
- ২। আলোচনার সুপারিশকৃত সংশোধনী প্রযোজ্য ক্ষেত্রে Inception Report এ অন্তর্ভুক্তকরণ পূর্বক রিপোর্টটি অনুমোদন করা হল। প্রকল্প পরিচালক সংশোধনীর বিষয়টি নিশ্চিত করবেন।

সভায় আর কোন আলোচনার বিষয় অর্ন্তভুক্ত না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


16.11.15
(মুদ্রাকার ফওজি মুহাম্মদ বিন ফরিদ)
পরিচালক

ও
সভাপতি, TMC কমিটি
“প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্র্যান
ফর ফোরটিন উপজেলাস” প্রকল্প
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।



Inception Report Meeting Attendance

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.udd.gov.bd
ই-মেইলঃ director.udd1965@gmail.com
ফ্যাক্সঃ ৯৫৫৭৮৬৮

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাবীন "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্র্যান ফর ফোরটিন উপজেলাস" প্রকল্পের প্যাকেজ নং- ০১ (মোহোর উপজেলা, নবাবগঞ্জ উপজেলা, জেলা- চাঁদপুর, জেলা- মাদারীপুর) এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Inception Report এর উপর ১২-১১-২০১৫ ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকায় নগর উন্নয়ন অধিদপ্তর, ৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

| ক্র. নং | নাম ও পদবী | প্রতিষ্ঠান/সংস্থার নাম | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা | স্বাক্ষর |
|---------|---|-------------------------------------|---------------|----------------------------|----------|
| ১. | ইন্দ্রজিত চন্দ্র-মুখোপাধ্যায় বিশ্ব চর্চা, মডিউল | নগর উন্নয়ন অধিদপ্তর | ০১৭১২ ৫৬৭৮৯ | director.udd1965@gmail.com | |
| ২. | আব্দুল হামিদ মুখোপাধ্যায় | UDD | ০১৫৫-২৩৩-৭৩৫৫ | ashaleem1192@yahoo.com | 12/11/15 |
| ৬. | এম এম. আমজাদ হুসাইন | শিবচর দৌর মজি AE. | ০১৭১২৩৬৮০৮ | engr-mmraashid@yahoo.com | 22-11-15 |
| ৪. | ড. মো. মামুনুল হক PSO | WARPO | ০১৮১৮১৭২১৪৭ | maminul05@yahoo.com | ATP |
| ৩. | সুশীল চন্দ্র সরকার | উপজেলা প্রকৌশলী মোহোর | ০১৭১১-৪৪৫৬০৫ | SushilSarkar1959@gmail.com | |
| ৬. | ডাঃ শাকিল হুসাইন | উপজেলা প্রকৌশলী- প্রকৌশলী মোহোর | ০১৬৪০৬২৪৪৬২ | শাকিল হুসাইন | |
| ৭. | শিবচর চন্দ্র | উপজেলা প্রকৌশলী শিবচর, মাদারীপুর | ০১৭১৫৭৩৫২২৭ | ve.shibchar@gmail.com | |
| ৮. | ডাঃ আতিকুল হুসাইন | আবু মাহমুদ মুন্সি মোহোর দৌর মজি | ০১৭১৭৪৬০৭৩৬ | atikul.khalid@gmail.com | A |

[illegible]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.udd.gov.bd
ই-মেইলঃ director.udd1965@gmail.com
ফ্যাক্সঃ ৯৫৫ ৭৮৬৮

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস” প্রকল্পের প্যাকেজ নং-০১ (নোহার উপজেলা, নবাবগঞ্জ উপজেলা, জেলা- ঢাকা; শি
জেলা- মাদারীপুর) এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Inception Report এর উপর ১২-১১-২০১৫ ইং তারিখ বেলা ১০:০০ ঘটিকায় নগর উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত
Management Committee (TMC) এর সভায় উপস্থিত পরামর্শক প্রতিষ্ঠানের বিশেষজ্ঞদের তালিকাঃ

| ক্রমিক নং | নাম | পদবী | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা | স্বাক্ষর |
|-----------|----------------------------|-----------------------------|--------------|---------------------------|----------|
| ০১. | Dr. Akhter Munari Chandley | Team leader Package - 1 | ৫১৭১২৫৫০২৫ | akhter_chandley@yahoo.com | akhter |
| ০২. | Saiful Islam Survey Expert | Survey Expert | ০১৭১৬৩০৫৭৬৩ | munna7808@gmail.com | Sam |
| ০৩. | S.M. Morshedul Hasin | Geologist | ০১৭১৫-৭৬০৩৭৭ | morshed_hasin04@yahoo.com | |
| ০৪. | Md. Golam Mostofa | photogrammetry Expert | ০১৭১৬-৬০৭৩৭২ | himu3107@gmail.com | Most |
| ০৫. | MD. Abul Bashar | Hydrologist | ০১৮১৭৬৩৫৮১৭ | Bgr. bashar1955@gmail.com | Bgr |
| ০৬. | Md. Golam Mustafa Patry | Transport planif Specialist | ০১৭১৩০৩৮০৭৩ | gopatry@yahoo.com | Patry |
| ০৭. | Mei Abdul Rashid | Agriculture Scientist | ০১৫৫৬৩৩২৮৭৭ | marashid.rashid@gmail.com | Rashid |
| ০৮. | PAYSAL | DIRECTOR ANIMA INT LTD | ০১৭৩৭৭৭৭৭৭ | - - - - | PAYSAL |

| ক্রমিক নং | নাম | পদবী | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা | স্বাক্ষর |
|-----------|------------------------|--|--------------|-----------------------------|----------|
| 09 | Mr. MONIRUZZAMAN | Managing Director Tech S&S Ltd. | 01675686225 | monir1997@yahoo.com | Mr. |
| 10. | Khalilur Rahman | Azima Gatl Bd Chairman. | 01712125522 | alball 2016 @ gmail . Com . | K.Rh |
| 11 | Jobaert Jasim | project Coordinator 14- Upazila Project | 01812889507 | Jobaertahmed76@yahoo.com | Jobaert |
| 12 | Joydul Abedin | Desh upodesh | 01721873088 | | Joydul |
| 13 | Md. Kamruzzaman Palash | Urban Planner | 01743912446 | palash.24@gmail.com | Palash |
| 14. | K.N.Mosharraf Hossain | Social Expert | 01712873128 | Kmmosharraf2005@gmail.com | K.N.M. |
| 15. | Hamida Khatun | Gis Expert | 01818090975 | hk.fory@yahoo.com | Hamida |
| | | | | | |



**Government of the People's Republic of Bangladesh
Ministry of Housing and Public Works
Urban Development Directorate (UDD)**

**Preparation of Development Plan for Fourteen Upazilas
Package-01
(Dohar Upazila, Nawabganj Upazila, Dhaka and
Shibchar Upazila, Madaripur)**

**FINAL SURVEY REPORT
Nawabgonj Upazila, Dhaka**

June 2017

**Consultants:
Desh Upodesh Ltd.
In Association with AIBL & TechSuS Ltd.**

Final Survey Report Meeting Minutes

১৪৬৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা।
www.udd.gov.bd
ই-মেইল : director.udd1965@gmail.com
ফ্যাক্স : ৯৫৫ ৭৮৬৮

বিষয় : “Preparation of Development Plan for Fourteen Upazilas” প্রকল্পের প্যাকেজ-১ (দোহার উপজেলা ও নবাবগঞ্জ উপজেলা, জেলা- ঢাকা; শিবচর উপজেলা, জেলা- মাদারীপুর) এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Final Survey Report এর Technical Management Committee (TMC) এর ০৪-০৬-২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. খুরশীদ জাবিন হোসেন ভৌমিক, পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর।
স্থান : সম্মেলন কক্ষ, নগর উন্নয়ন অধিদপ্তর।
তারিখ : ০৪/০৬/২০১৭ খ্রিঃ
সময় : সকাল ১০:০০ ঘটিকা।

উপস্থিত TMC সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” সদয় দ্রষ্টব্য।

২। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি মহোদয় সকলকে নিজ নিজ পরিচয় প্রদানের অনুরোধ জানান। পরিচয় পর্ব সম্পন্ন হওয়ার পর তিনি প্রকল্পের প্যাকেজ ০১ এর টিম লিডার জনাব ড. আখতার হোসেন চৌধুরীকে Final Survey Report সম্পর্কে উপস্থাপনার জন্য আহ্বান জানান।

৩। প্যাকেজ-১ এর পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার জনাব ড. আখতার হোসেন চৌধুরী প্রকল্প এলাকায় ডেমরা হতে ভাঙ্গা পর্যন্ত ০৬ লেন বিশিষ্ট হাইওয়ে ও পদ্মা সেতুর প্রভাব বিষয়ক একটি Presentation করেন। তিনি নবাবগঞ্জ, দোহার ও শিবচর উপজেলা কিস্তাবে পদ্মা সেতুর সাথে সংযুক্ত সে সম্পর্কে আলোকপাত করেন। তিনি তাঁর উপস্থাপনায় বিভিন্ন দিক বিশ্লেষণ করে দেখান যে, ০৬ লেনবিশিষ্ট হাইওয়ে ও পদ্মা সেতুর প্রভাব সবচেয়ে বেশী পড়বে শিবচর উপজেলার উপর। এছাড়াও ভবিষ্যৎ উন্নয়ন ও বিভিন্ন নতুন নতুন ক্ষেত্রে উন্নয়নের প্রভাব শিবচর উপজেলায় সবচেয়ে বেশী পড়বে। উপস্থাপনার এ পর্যায়ে পরিকল্পনা কমিশন প্রতিনিধি সিনিয়র সহকারী প্রধান জনাব আবুল বাকের মোঃ তৌহিদ বলেন যে, প্রকল্প এলাকার মধ্যে শিবচর উপজেলার উপর পদ্মা সেতু পরবর্তী প্রভাব বেশী পড়বে। এছাড়া নগর উন্নয়ন অধিদপ্তর হতে মাদারীপুর উপজেলার পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে, আর শিবচর উপজেলা যেহেতু মাদারীপুর জেলার অংশ তাই দুটি পরিকল্পনার মধ্যে সমন্বয় থাকা প্রয়োজন। এছাড়াও তিনি প্রকল্পের কাজ দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য পরামর্শক প্রতিষ্ঠানের প্রতি আহ্বান জানান।

৪। সভার এ পর্যায়ে সভার সভাপতি মহোদয় প্যাকেজ-১ এর বিভিন্ন ধরনের ম্যাপ দেখতে চান। তিনি প্রথমেই নবাবগঞ্জ উপজেলার Physical Feature Map দেখতে চান। এ প্রসঙ্গে তিনি পরামর্শ প্রদান করেন যে, তিন উপজেলার Physical Feature Map এর সাথে সাথে Land Use Map ও প্রস্তুত করতে হবে। তিনি রাস্তার ক্ষেত্রে Primary ও Secondary Road এর Centre Line RTK সার্ভের মাধ্যমে নিয়ে আসতে হবে পরামর্শক প্রতিষ্ঠানকে নির্দেশ দেন।

৫। অতঃপর উপস্থাপনার এ পর্যায়ে সার্ভে অব বাংলাদেশের প্রতিনিধি উপ-পরিচালক (জরিপ) জনাব মোঃ শফিকুর রহমান বলেন যে, প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য যদি প্রয়োজন হয় তাহলে সার্ভে অব বাংলাদেশ প্রয়োজনীয় সহযোগিতা করবে।

৬। এ পর্যায়ে সভাপতি মহোদয় দোহার পৌরসভার প্রতিনিধি নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ আতিকুল খালিদকে দোহার উপজেলার কাজটি সঠিকভাবে হয়েছে কিনা তা দেখে নিতে বলেন। এ প্রসঙ্গে দোহার পৌরসভা প্রতিনিধি বলেন যে, Overall দেখে মনে হচ্ছে ঠিক আছে কিন্তু কাজটি কতটুকু ব্যাপকভাবে করা হয়েছে তা আরো ভালো ভাবে দেখে নেয়া প্রয়োজন। তিনি পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক অদ্যাবধি প্রস্তুতকৃত GIS Data নিয়েছেন এবং নিরীক্ষা করে দেখবেন বলে সভাকে জানান।

৭। অতঃপর ওয়ারশো প্রতিনিধি মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব ড. আমিনুল হক জানান যে, প্রকল্প এলাকার Hydrolic Structure ভালো দেখানো যাবে কিনা। পরামর্শক প্রতিষ্ঠানের আরবান প্ল্যানার জনাব অরুণ রতন দেবনাথ দোহার উপজেলার Hydrolic Structure অর্থাৎ নদী, নালা, খাল-বিল, পুকুর এর ম্যাপ দেখান। এ প্রসঙ্গে দোহার পৌরসভা প্রতিনিধি বলেন যে, দোহারের Drainage সম্পর্কিত তথ্য মোটামুটি ঠিক আছে তবে শহর এলাকার ড্রেন সংক্রান্ত তথ্য ইউনিয়ন পরিষদ ও পৌরসভা থেকে সংগ্রহ করে নিতে হবে। তিনি রাস্তার ক্ষেত্রে RHD এবং LGED এর প্রেসিবিশ্যাস মেনে পরিকল্পনা প্রণয়নের আহ্বান জানান।

Arzila

Shahin

Final Survey Report Meeting Minutes Cont.

৮। সভার এ পর্যায়ে এলজিইডি প্রতিনিধি সহকারী প্রকৌশলী জনাব সোহানা পারভীন বলেন যে, Hydrolic Survey'র তথ্য সমূহ এবং Growth Centre এর তথ্যসমূহ সঠিকভাবে সংযুক্ত করতে হবে বিশেষ করে Outfall গুলো চিহ্নিত করতে হবে।

৯। সভার এ পর্যায়ে ওয়ারপো প্রতিনিধি জানান যে, Rainfall এর ডাটা নিয়ে কোন ধরনের Hydrological Model প্রস্তুত করা হবে কিনা? এ প্রসঙ্গে পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার বলেন যে, হেকরাস মডেল এর মাধ্যমে Hydrology বিষয়ে Address করা হবে। ওয়ারপো প্রতিনিধি আরো জানতে চান যে, প্রকল্প এলাকার ক্ষেত্রে Location Wise Erosion Prone Area বের করা হয়েছে কিনা? এ প্রসঙ্গে পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার বলেন যে, প্রকল্প এলাকার দোহার ও শিবচর উপজেলা মূলত নদী ভাঙ্গন এলাকা। এ এলাকার ক্ষেত্রে PRA এবং Physical Feature Survey এর মাধ্যমে Location Wise Erosion Prone Area বের করা হয়েছে।

১০। সভার এ পর্যায়ে সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রতিনিধি উপ-বিভাগীয় প্রকৌশলী জনাব তামিনা তাসমিন বলেন যে, প্রকল্প এলাকার দোহার ও নবাবগঞ্জ উপজেলার সাথে জেলা রোডের (Z8003) যে সংযোগ আছে তা জেলা রোড উন্নয়ন প্রকল্পের আওতায় সম্প্রসারণ কার্যক্রম বর্তমানে চলমান আছে। রোডটি ৮ মিটার বৃদ্ধি করা হয়েছে এবং ভবিষ্যতে আরো ৪ মিটার বৃদ্ধি পাবে। এই তথ্যসমূহকে যেন বিবেচনায় নেয়া হয় সে সম্পর্কে মতামত দেন। এছাড়াও তিনি জিলা ও রিজিওনাল রোডসমূহকে সঠিকভাবে উপস্থাপন এবং পরিকল্পনায় অন্তর্ভুক্ত করার আহ্বান জানান।

১১। অতঃপর নবাবগঞ্জ উপজেলা প্রতিনিধি উপজেলা সহকারী প্রকৌশলী জনাব মোঃ হারুনুর রশীদ জুইয়া বলেন যে, Growth Centre গুলো প্রতিটি উপজেলার জন্য খুবই গুরুত্বপূর্ণ তাই Growth Centre সম্পর্কিত তথ্য সঠিকভাবে সংযুক্ত করা প্রয়োজন।

১২। এ পর্যায়ে সভাপতি মহোদয় বলেন যে, সুষ্ঠুভাবে কাজ সম্পন্ন করার জন্য সঠিকভাবে সকল তথ্য সন্নিবেশিত করতে হবে এবং পরিকল্পনার ক্ষেত্রে DEM সঠিকভাবে প্রস্তুত করা খুবই প্রয়োজনীয়। তিনি পরামর্শক প্রতিষ্ঠানকে প্রতিটি উপজেলার DEM সঠিকভাবে প্রস্তুতের নির্দেশ দেন।


১৩। সবশেষে প্রকল্প পরিচালক উপস্থিত সংশোধনীসমূহ অন্তর্ভুক্তি সাপেক্ষে Final Survey Report টি গ্রহণ করা যেতে পারে কিনা তা সকল TMC সদস্যদের উদ্দেশ্যে জানান। এ বিষয়ে সকল সদস্য Final Survey Report উপস্থিত সংশোধনীসমূহ Annex এ সংযুক্তি করার সাপেক্ষে Final Survey Report টি গ্রহণ করার বিষয়ে একমত পোষন করেন। এ পর্যায়ে সভাপতি মহোদয় সকল TMC সদস্যগণকে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহণ করেন।

উপরোক্ত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয় যা নিম্নরূপঃ

(ক) পরামর্শক প্রতিষ্ঠান আলোচনায় উল্লেখিত তথ্যসমূহ যথাযথভাবে Final Survey Report এ অন্তর্ভুক্ত করবে এবং প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপক তা নিশ্চিত করবেন।


(খ) Final Survey Report টি সংশোধনীসহ গৃহীত হয়।

সভার আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ড. ফুরশীদ জারিন হোসেন তৌফিক)
পরিচালক



সভাপতি, TMC কমিটি
“প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর
ফোরটিন উপজেলাস” প্রকল্প
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।











Final Survey Report Meeting Attendance

তারিখ: ২৬-৬-১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.udd.gov.bd
ই-মেইলঃ director.udd1965@gmail.com
ফ্যাক্সঃ ৯৫৫৭৮৬৮

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “প্রিয়ারেশন অব ডেভেলপমেন্ট প্র্যান ফর ফোরটিন উপজেলাস” প্রকল্পের প্যাকেজ নং-১ (দোহার উপজেলা, নবাবগঞ্জ উপজেলা, জেলা- ঢাকা; শিবচর উপজেলা, জেলা- মাদারীপুর) এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Final Survey Report এর উপর ০৪-০৬-২০১৭ ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকায় নগর উন্নয়ন অধিদপ্তর, ৮২, সেগুনবাগিচা, ঢাকাছ সন্মেলন কক্ষে Technical Management Committee (TMC) এর সভায় উপস্থিত সদস্যদের তালিকাঃ

| ক্র. নং | নাম ও পদবী | প্রতিষ্ঠান/সংস্থার নাম | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা | স্বাক্ষর |
|---------|---|---|---------------|-------------------------|---|
| ০১. | ড. খুরশীদ জাবিন হামিদ (তালিম) পারিচালক | নগর উন্নয়ন অধিদপ্তর | ০১৭ ১১১০-৪৪৬৭ | director@udd.gov.bd |  ০৫/০৬/১৭ |
| ০২. | আব্দুল আজিজ পরিচালক-১৪ উপজেলা পরিষদ | UDD | ০১৭৭৭-৪০০-৭৫৭ | ashraheen1192@yahoo.com |  ০৫/০৬/১৭ |
| ০৩. | মোঃ নজরুল ইসলাম মিনি. মন্ত্র. প্রধান | সুপ্রায় ও সম্পদ ইকোনমিস্ট | ০১৭১৫২২৯৭৭ | nasirulph@yahoo.com |  ০৫/০৬/১৭ |
| ০৪. | এম. এম. মাহমুদ রকাদ | সংস্কার প্রকৌশল শিবচর দৌরসজা | ০১৭১১৯৩৮৩০৪ | engr.mmrakad@yahoo.com |  ০৫/০৬/১৭ |
| ০৫. | আঃ মল্লিক রিফা | ইম. প্রকৌশল প্রতিষ্ঠান নগর উন্নয়ন অধিদপ্তর ৮২, সেগুনবাগিচা, ঢাকা | ০১৭১১৫৫৬২৭ | ue.shibcharar@gmail.com |  ০৫/০৬/১৭ |
| ০৬. | (মোঃ মাহমুদ রকাদ হুসেইন) | উপজেলা পরিষদ স্বাধীনতা পল্লী নবাবগঞ্জ উপজেলা | ০১৬৪০৫২৮৮৬২ | hrouhid6158@gmail.com |  ০৫/০৬/১৭ |
| ০৭. | মোঃ আতিকুল খালিদ | সদস্য (দৌরসজা, সদস্য, ঢাকা) | ০১৭১৭৪৬০৭৩৬ | atikul.khalid@gmail.com |  ০৫/০৬/১৭ |
| ০৮. | মোঃ শহীদুল রহমান উপ-পরিচালক (জি.পি.) | SOB | ০১৭১২২৭৫৮৮৪ | shofiq.sob@yahoo.com |  ০৮/০৬/১৭ |

অফিসিয়াল-ক

[illegible]



**Government of the People's Republic of Bangladesh
Ministry of Housing and Public Works
Urban Development Directorate (UDD)**

**Preparation of Development Plan for Fourteen Upazilas
Package-01
(Dohar Upazila, Nawabganj Upazila, Dhaka and
Shibchar Upazila, Madaripur)**

**DRAFT FINAL REPORT
Shibchar Upazila, Madaripur**

April 2018

**Consultants:
Desh Upodesh Ltd.
In Association with AIBL & TechSuS Ltd.**

Pictures of TMC Meeting



Draft Plan Report Meeting Minutes

(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হইবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

নগর উন্নয়ন অধিদপ্তর

৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বিষয়ঃ “Preparation of Development Plan for Fourteen Upazilas” প্রকল্পের প্যাকেজ-০১ (দোহার উপজেলা ও নবাবগঞ্জ উপজেলা, জেলা-ঢাকা; শিবচর উপজেলা, জেলা- মাদারীপুর) এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Draft Plan Report এর Technical Management Committee (TMC) এর ১২-০৪-২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক, পরিচালক
সভার তারিখ ১২-০৪-২০১৮ খ্রি.
সভার সময় দুপুর ২:০০ ঘটিকা
স্থান সম্মেলন কক্ষ, নগর উন্নয়ন অধিদপ্তর

উপস্থিতি সভার উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযুক্ত করা হলো।

২। সভার শুরুতেই পরিচালক মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি মহোদয় সকলকে নিজ নিজ পরিচয় প্রদানের অনুরোধ জানান। পরিচয় পর্ব সম্পন্ন হওয়ার পর তিনি প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব শাহীন আহমেদ কে সভা শুরু করার আহ্বান জানান।

৩। প্রকল্প পরিচালক জনাব শাহীন আহমেদ উপস্থিত টিএমসি মেম্বারগণকে অবগত করেন যে, প্যাকেজ-০১ এর ড্রাফট প্ল্যান এর উপর টিএমসি অনুষ্ঠিত হবে। উপস্থাপনা শুরুতেই প্যাকেজ সম্পর্কে কিছু তথ্য উপাত্ত দেয়া হবে, কি কি সার্ভে সম্পন্ন হয়েছে, কাজের পদ্ধতি সম্পর্কে জানানো হবে, তারপর সার্ভে থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে প্রস্তুতকৃত থিম্যাটিক ম্যাপ, Suitability Map, Conflict Map এবং এ সকল ম্যাপের আলোকে প্রস্তুতকৃত ৫ ধরনের প্ল্যান দেখানো হবে। তিনি সকলকে উপস্থাপনা দেখার জন্য আহ্বান জানান।

৪। সভার এ পর্যায়ে পরামর্শক প্রতিষ্ঠান Desh Upodesh Ltd in association with AAIMA International BD Ltd & Technical Support Services Ltd এর প্ল্যানার জনাব তৌফিক মহিউদ্দিন প্রকল্প এলাকার পরিচিতি, উদ্দেশ্যে, লক্ষ্য, কাজের পদ্ধতি, সার্ভে সমূহ, সার্ভে পদ্ধতি সম্পর্কে তথ্যসমূহ উপস্থাপন করেন। তিনি প্রকল্প পরিচিতি তুলে ধরার পর পরামর্শক প্রতিষ্ঠানের প্ল্যানার জনাব আব্দুল্লাহ আল নোমানকে শিবচর উপজেলার সকল ম্যাপ এবং জিও ডাটাবেজ উপস্থাপন করার আহ্বান জানান।

৫। পরামর্শক প্রতিষ্ঠানের প্ল্যানার জনাব আব্দুল্লাহ আল নোমান শিবচর উপজেলার সকল থিম্যাটিক ম্যাপসমূহ উপস্থাপন করেন। এ পর্যায়ে সভাপতি মহোদয় শিবচর উপজেলার জিওলজিক্যাল ম্যাপসমূহ দেখতে চান। এ প্রসঙ্গে পরামর্শক প্রতিষ্ঠানের জিওলজিস্ট জনাব মোঃ জামাল উদ্দীন শিবচর উপজেলার জিওলজিক্যাল ম্যাপসমূহ দেখান এবং ব্যাখ্যা করেন। সভাপতি মহোদয় Infrastructure Suitability ম্যাপটি আরো ভালোভাবে বিবেচনা করার এবং নতুন করে প্রস্তুত করতে বলেন। পরামর্শক প্রতিষ্ঠান ম্যাপটি আবার প্রস্তুত করা বলে সম্মত হন।

৬। এ পর্যায়ে পরামর্শক প্রতিষ্ঠানের প্ল্যানার জনাব আব্দুল্লাহ আল নোমান শিবচর উপজেলার ইউনিয়ন ও ওয়ার্ডসমূহে সম্পাদিত PRA তে প্রাপ্ত সমস্যা ও সম্ভাবনার তথ্যসমূহ উল্লেখ করেন। এ প্রসঙ্গে শিবচর উপজেলা পরিষদের উপজেলা প্রকৌশলী জনাব মোঃ ইকবাল হোসেন উল্লেখ করেন যে, শিবচর উপজেলায় গত কয়েক মাসের মধ্যে রাস্তা সম্প্রসারণের কিছু প্রকল্প নেয়া হয়েছে। তিনি এ সকল তথ্যসমূহ অন্তর্ভুক্ত করার আহ্বান জানান। পরামর্শক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মনিরুজ্জামান এ সকল তথ্যসমূহ উপজেলা প্রশাসনের সাথে যোগাযোগ পূর্বক সংকলন করা হবে মর্মে জানান। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় বলেন যে, পদ্মা সেতু শিবচর উপজেলার যোগাযোগ ব্যবস্থার উপর ব্যাপক প্রভাব ফেলবে, সকল ধরনের উন্নয়নের জন্য এটিকে গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে। সকল ম্যাপে আলাদা করে পদ্মা সেতু চিহ্নিত করে রাখতে হবে এবং পদ্মা অধিরিটির কাছ থেকে নদী শাসনের তথ্য নিয়ে নিতে হবে। এ প্রসঙ্গে পরামর্শক প্রতিষ্ঠানের প্ল্যানার জনাব আব্দুল্লাহ আল নোমান বলেন যে, পদ্মা সেতুর এলাইনমেন্ট নেয়া হয়েছে এবং এটি রাস্তার ক্ষেত্রে আলাদা করে চিহ্নিত করে দেয়া হবে। তিনি নদী শাসনের তথ্যগুলো ও সংগ্রহ করা হবে বলে জানান।

tauzin

১/৩

Shahin

Draft Plan Report Meeting Minutes Cont.

৭। সভাপতি মহোদয় শিবচর উপজেলার জন্য হাইড্রোলজিক্যাল ম্যাপ দেখতে চান এবং হাইড্রোলজিস্ট জনাব ডি.এস. আদিবুল আবেদীন শিবচর উপজেলার হাইড্রোলজিক্যাল ম্যাপসমূহ দেখান। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় বলেন যে, **Inundation Map** এ কোন সাদা খালি অংশ থাকলে তা **Flood Free** এলাকা বলে উল্লেখ করে দিতে হবে। তিনি ম্যাপটি পুনরায় প্রত্যুত করার নির্দেশনা প্রদান করেন।

